

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্কের বৈদ্যুতিক যান অবকাঠামো বিস্তার পরিকল্পনার অনুমোদন সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"এর আগে আজকে, মার্কিন পরিবহন বিভাগ (U.S. Department of Transportation) <u>ঘোষণা</u> করেছে যে তারা নিউ ইয়র্ক স্টেটের বৈদ্যুতিক যান অবকাঠামো বিস্তার পরিকল্পনার (Electric Vehicle Infrastructure Deployment Plan) অনুমোদন করেছে, এটি আরো বেশি বৈদ্যুতিক যান ব্যবহার ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের আবহাওয়া সুরক্ষা করতে সমর্থন করার জন্য প্রয়োজনীয় চার্জিং অবকাঠামো গঠনে নিউ ইয়র্ককে সাহায্য করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।

এই অনুমোদনটি, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কের নেটওয়ার্ক বিস্তৃত করার জন্য 175 মিলিয়ন পর্যন্ত মার্কিন ডলার, নিঃসরণমুক্ত যানে স্থানান্তরকে আরো অগ্রসর করতে সাহায্য করবে যা গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে, জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে, বায়ুর মান উন্নত করতে, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের সুবিধার জন্য এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টি করতে নিউ ইয়র্ক স্টেটের দেশের শীর্ষস্থানীয় লক্ষ্যকে অগ্রসর করবে।

আমি সচিব বুটিজিজ এবং বাইডেন-হ্যারিস প্রশাসনের প্রশংসা করছি নিউ ইয়র্কের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো (National Electric Vehicle Infrastructure, NEVI) পরিকল্পনা অনুমোদনে তাদের দ্রুত পদক্ষেপের জন্য, এবং ধন্যবাদ সিনেটর শুমার, সিনেটর জিলিব্র্যান্ড এবং পুরো নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধি দলকে, দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law) পাশ করানোর জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: <u>www.governor.ny.gov</u>-এ নিউ ইয়র্ক স্টেট| এক্সিকিউটিভ চেম্বার| <u>press.office@exec.ny.gov</u> | 518.474.8418